বিনোদন

# হৃদয়ের সিনেমায় নুসরাত ফারিয়া, শুটিং আগস্টে

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

□বরবাদ□ ও □রাক্ষস□ নির্মাণের মাধ্যমে ঢালিউডে আলোচনার কেন্দ্রে উঠে আসা তরুণ নির্মাতা মেহেদী হাসান হৃদয় এবার পা রাখছেন ওটিটি দুনিয়ায়। প্রথমবারের মতো তিনি নির্মাণ করতে যাচ্ছেন একটি ওয়েব ফিল্ম।

আর এতে প্রধান নারী চরিত্রে অভিনয় করবেন দুই বাংলার জনপ্রিয় অভিনেত্রী নুসরাত ফারিয়া।
প্রেক্ষাগৃহে সফল দুটি সিনেমার পর হৃদয়ের নতুন প্রথম ওয়েব ফিল্মের সম্ভাব্য নাম □লাপাত্তা□। তবে নামটি পরিবর্তিত হতে পারে। খবরটি নিশ্চিত করেছেন মেহেদী হাসান হৃদয় নিজেই।

তিনি বলেন, □এখন পর্যন্ত সবকিছুই চূড়ান্ত। এগুলো মোটামুটি বেশ কিছুদিন আগেই চূড়ান্ত হয়ে গেছে। এখন শুধু শুটিং শুরুর পালা। আগামী মাস থেকেই শুটিংয়ে নামব।

ফিল্মটি হবে থ্রিলার ঘরানার, সঙ্গে কমেডিও থাকবে। চেষ্টা থাকবে একদম নতুন এবং অন্যরকম কিছু করার।

জানা গেছে, আগস্টের মাঝামাঝিতে শুরু হবে কমেডি-থ্রিলার ঘরানার লাপাত্তার শুটিং। ওয়েব ফিল্মটিতে নুসরাত ফারিয়ার পাশাপাশি অভিনয় করবেন নাসির উদ্দিন খান, শাহরিয়ার নাজিম জয়সহ আরো কয়েকজন পরিচিত অভিনয়শিল্পী। বছরের শেষ দিকে ওটিটি প্ল্যাটফর্ম আইস্ক্রিনে মুক্তি পেতে পারে ফিল্মটি।

গত বছর শাকিব খানকে নিয়ে নির্মিত বরবাদ দিয়ে বড় পর্দায় অভিষেক করেন হৃদয়। সিনেমাটি বক্স অফিসে উল্লেখযোগ্য সাফল্য পেয়ে ব্যাপক আলোচনায় আসে। এরপর চলতি বছরের ঈদে সিয়াম আহমেদকে নিয়ে তিনি নির্মাণ করেন রাক্ষস।

সম্প্রতি শাকিব খানকে নিয়ে হৃদয়ের নতুন সিনেমার ঘোষণাও এসেছে। লাপাত্তার কাজ শেষ করার পরই নতুন সিনেমাটির অভিনয়শিল্পী ও অন্যান্য বিস্তারিত তথ্য প্রকাশ করবেন নির্মাতা। আগামী নভেম্বরের শেষ দিকে শাকিব খানকে নিয়ে নতুন সিনেমার শুটিং শুরু হবে বলেও জানান তিনি।

এর আগে আগামী অক্টোবরে দুর্গাপূজা উপলক্ষে মুক্তি পাওয়ার কথা রয়েছে মেহেদী হাসান হৃদয়ের আরেক সিনেমা বিদায়।

---

## এ বিভাগের আরও খবর



**ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত**

অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে তাদের মধ্যে শিপল মাহমুদ বিপ্লব, ইল...



**সামান্য মস্করায় ফাঁসলেন নোরা ফাতেহি, খেলেন ৪ কোটি টাকার মামলা**

বিমানে বসে সেটিকে নিয়ে বিদ্রূপাত্মক পোস্ট করায় আইনি ঝামেলায় পড়েছেন বলিউড অভিনেত্রী নোরা ফাতেহি। তার বিরুদ্ধে তিন কোটি রুপির (বাংলাদেশি মুদ্র...



### নিজেদের বঙ্গবন্ধুর সৈনিক পরিচয় দিয়ে অভিনেত্রী বাঁধনের ওপর হামলা

ইতালিতে লাঞ্ছনার শিকার হয়েছেন জনপ্রিয় অভিনেত্রী আজমেরী হক বাঁধন। ভেনিস আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে যোগ দিতে গিয়ে দেশটির  মেস্ত্রে শহরে...

---



### হার্দিকের সঙ্গে আমিশার প্রেমের গুঞ্জন, সোশ্যাল মিডিয়ায় ভিডিও ভাইরাল

ক্রিকেট মাঠের পারফরম্যান্সের চেয়ে ব্যক্তিগত জীবন নিয়েই এখন বেশি আলোচনায় ভারতীয় ক্রিকেটার হার্দিক পান্ডিয়া। নাতাশা স্ট্যানকোভিচের সঙ্গে সম্পর...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/hridyer-sinemay-nusrat-fariya-shuting-agste